



# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-SO20 1220)

BENFISH Building, (3<sup>rd</sup> Floor), Kolkata-91

Website: [sfoawb.org.in](http://sfoawb.org.in) e-mail: [sfoawbcolotola@gmail.com](mailto:sfoawbcolotola@gmail.com)

Ref. No.: 001/SFOAWB

Date: 12<sup>th</sup> January, 2024

প্রতি,  
সকল সদস্য,  
স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল।

## বিষয়: শুভ নববর্ষের শুভেচ্ছা ও সদস্যদের প্রতি সংগঠনের আবেদন

প্রিয় সাথি,

ইংরেজি নববর্ষ 2024 এর আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন আপনাকে ও আপনার পরিবারের সকলকে। আগামীর দিনগুলি আনন্দে, সুখে, শান্তিতে ভোরে থাকুক - এই প্রার্থনা করি।

সংগঠনের পক্ষ থেকে দেশের শ্রেষ্ঠ মনীষী তথা বিশ্ব মানবতার মূর্ত প্রতীক স্বামীজীর জন্মদিনে তাঁর স্মৃতির প্রতি অন্তরের শ্রদ্ধার্ঘ্য নিবেদন করি যিনি আমাদের হৃদয়ে ভরসা, সাহস আর বিশ্বাস জাগিয়েছেন শত প্রতিকূলতাতেও মাথা উঁচু করে এগিয়ে চলার।

আমরা আনন্দিত ও গর্বিত বহু ঘাত-প্রতিঘাত, লড়াই-আন্দোলনের মাধ্যমে আমাদের প্রিয় সংগঠন স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল দেখতে দেখতে একালটি বছর পূর্ণ করে ফেলল। আমরা প্রিয় সংগঠনের 34তম রাজ্য সম্মেলনের দিকে এগিয়ে চলেছি যা সম্ভাব্য এ বছরের জুন মাসে অনুষ্ঠিত হবে। বিগত 2 টি বছর ধরে মূলত মৎস্যজীবী/ মৎস্য চাষী কেন্দ্রিক একাধিক সময়োপযোগী কর্মসূচির মাধ্যমে আমরা সংগঠনের সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন করেছি।

ইংরেজি নববর্ষ 2024 এর সূচনালগ্নে সংগঠনের পক্ষ থেকে রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহোদয়, সংগঠনের সকল শুভানুধ্যায়ী বিশিষ্ট ব্যক্তিবর্গ, সংগঠনের পেনশন উইং এর সকল সদস্যবৃন্দ, মৎস্য দপ্তরের সকল দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ও কর্মচারী এবং রাজ্যের সকল মৎস্যজীবী/ মৎস্য চাষীদের অন্তরের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

মৎস্য দপ্তরের কেবলমাত্র আধিকারিকদের নিয়ে গঠিত স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল, প্রবীনের অভিজ্ঞতা ও তারুণ্যের তেজের উপর ভরসা রেখে সংগঠনের সকল সদস্যের আন্তরিক অংশগ্রহণের মাধ্যমে তার সদস্যদের স্বার্থ সুরক্ষা, রাজ্যের লক্ষ লক্ষ মৎস্যজীবী/ মৎস্য চাষীদের আর্থসামাজিক উন্নয়ন ও সার্বিকভাবে মৎস্য দপ্তরকে শ্রেষ্ঠত্বের সিংহাসনে প্রতিষ্ঠিত করতে বদ্ধ পরিকর।

প্রিয় বন্ধুরা, নিজেদের পরিবারকে সুস্থ, সুন্দর, সুখি, শান্তিময় ও আনন্দঘন করে রাখার সর্বাঙ্গিক চেষ্টার পাশাপাশি মাছের কাজে যুক্ত প্রান্তিক মৎস্যজীবী/ মৎস্য চাষীদের স্বার্থ সুরক্ষা ও তাদের আর্থসামাজিক উন্নয়নে

পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরের একজন একনিষ্ঠ সৈনিক হিসাবে সততা, শ্রদ্ধা ও নিষ্ঠার সঙ্গে প্রয়াসী থাকতে হবে। এক্ষেত্রে, কোনো প্রকার প্রলোভনের ঝাঁদ বা যড়যন্ত্র যাতে আমাদের পথভ্রষ্ট না করে সেদিকে আমাদের সকলকে সতর্ক ও সজাগ থাকতে হবে।

প্রিয় বন্ধুরা, আমাদের পারিবারিক সুখ-সমৃদ্ধি বজায় রাখা ও কর্মক্ষেত্রে মাথা উঁচু করে এগিয়ে চলার শক্তিশালী হাতিয়ার স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল। এই সু-প্রাচীন, প্রগতিশীল ও মৎস্য দপ্তরের কেবলমাত্র আধিকারিক নিয়ে গঠিত সংগঠনের প্রতি আমাদের অন্তরের ভালোবাসা ও কৃতজ্ঞতা প্রকাশ করি। সকল সদস্য বন্ধুদের স্বার্থ সুরক্ষায় ও মৎস্য দপ্তরের সার্বিক উন্নয়নে আগামীদিনে সংগঠন আরো যত্নবান, তৎপর ও আগ্রাসী হবে। মৎস্য দপ্তরের পুনর্বিন্যাস, জেলা মীনাধিকারিক সহ সকল উচ্চ পদে পদোন্নতি, মৎস্য সম্প্রসারণ আধিকারিকের শূন্য পদগুলিতে দ্রুত সরাসরি নিয়োগ ও সদস্য বন্ধুদের সুষ্ঠু বদলি সহ সংগঠনের প্রস্তাবিত এগার দফা দাবির বাস্তবায়নে সংগঠনের আন্তরিক ও সর্বাত্মক প্রয়াস জারি থাকবে।

প্রিয় বন্ধুরা, এই সুদীর্ঘ চলার পথে সংগঠনের বিপক্ষে বারবার বিভিন্ন প্রকার মিথ্যাচার, প্রলোভন, চক্রান্ত ও নোংরামো হয়েছে যা সময়ের স্রোতে ভেসে গেছে। এবিষয়ে আমাদের কোন সদস্য/নেতৃত্ব যেন প্রতিহিংসা পরায়ন না হন, কেবল সংগঠনের প্রতি অন্তরের বিশ্বাস আর নিজেদের চোয়াল শক্ত রাখুন। সংগঠনের গঠনতন্ত্রের প্রতি সম্মান রেখে সংগঠনের একজন গুরুত্বপূর্ণ সদস্য হিসাবে আপনার সাংগঠনিক দায়বদ্ধতা নিষ্ঠা ও শ্রদ্ধার সঙ্গে পালন করবেন এই বিশ্বাস আমাদের রয়েছে। ব্লক, জেলা, জোন ও রাজ্য পর্যায়ে বিভিন্ন সাংগঠনিক কার্যপ্রক্রিয়ায় আপনার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও প্রতিটি সাংগঠনিক নির্দেশকে 100% সাফল্যমন্ডিত করার দৃঢ়তা একান্তভাবে কামনা করি।

‘আমাদের সংগঠন আমাদের আর একটি পরিবার’ এই ভাবনা প্রত্যেকের হৃদয়ে প্রতিটি মুহূর্তে বিরাজ করুক - এই প্রার্থনা করি।

ভালো থাকুন, ভালো রাখুন।

ধন্যবাদ সহ,

আপনাদের বিশ্বস্ত,

নারায়ণ বাগ

(ডঃ নারায়ণ বাগ)

কার্যকরী সভাপতি

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন

ওয়েস্ট বেঙ্গল

আপনাদের বিশ্বস্ত,

শ্রী দেবশীষ হালদার

(শ্রী দেবশীষ হালদার)

সাধারণ সম্পাদক

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন

ওয়েস্ট বেঙ্গল